যুগান্তর

# ঢাবির দেড় হাজার ছাত্রীকে সাইকেল প্রশিক্ষণ দেবে ডাকসু

প্রকাশ : ১৭ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ

ঢাবি প্রতিনিধি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) প্রায় দেড় হাজার ছাত্রীকে সাইকেল চালানোর প্রশিক্ষণ দেবে ডাকসু। একই সঙ্গে প্রশিক্ষণার্থীদের দেয়া হবে সনদপত্র। বিশ্ববিদ্যালয়ের সিনেট সদস্য ও ডাকসুর সদস্য তিলোত্তমা সিকদার এ তথ্য জানিয়েছেন। শনিবার দুপুরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের সাংবাদিক সমিতিতে অনুষ্ঠিত এক সংবাদ সম্মেলনে এই প্রশিক্ষণের কথা জানান তিনি। সংবাদ সম্মেলনে আরও ছিলেন ডাকসুর পরিবহন সম্পাদক শামস-ই-নোমান, সংস্কৃতি সম্পাদক আসিফ তালুকদার, ক্রীড়া সম্পাদক তানভীর আহমেদ শাকিল, সদস্য ফরিদা পারভীন প্রমুখ। রোববার বিশ্ববিদ্যালয়ের শারীরিক শিক্ষা কেন্দ্রে এই প্রশিক্ষণের উদ্বোধন করা হবে।

সংবাদ সম্মেলনে তিলোত্তমা সিকদার বলেন, উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষণপ্রার্থীদের দুপুর ১২টার আগে প্রবেশ করতে হবে। শুরুতেই তাদের মাঝে টি-শার্ট বিতরণ করা হবে। এক মাস ধরে এ প্রশিক্ষণ সম্পন্ন হওয়ার পর সবাইকে সার্টিফিকেট দেয়া হবে।

---

ভারপ্রাপ্ত সম্পাদক : **সাইফুল আলম**, প্রকাশক : **সালমা ইসলাম**

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

---

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।